# Cambridge IELTS 11

## (GT) রিডিং Passage

Recent Bazar

**Saifur Rahman Khan**
**(01713 43 20 02)**

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ➢ **2025**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Recent Bazar

## Compose & Design

Md. Al-Mamun Ferdous; Abdul Kuddus Sheikh

***Price: Tk. 200 (Fixed); US $ 5 only***

# Table of Contents

## রিডিং Test-1


Section # 01 : Is Your child at School Today? ........ 001
Holiday Apartments To Let ........ 004
Section # 02 : GZJ Travel - Recruitment Info ........ 009
Hilton Laboratory ........ 013
Section # 03 : The Zebra's long walk across Africa ........ 017


## রিডিং Test-2


Section # 01 : Sustainable School Travel Strategy ........ 030
Section # 02 : Tips for giving an effective business presentation ........ 038
How to get a job in journalism ........ 041
Section # 03 : What is it like to run a large supermarket? ........ 047


## রিডিং Test-3


Section # 01 : Summer activities at London's Kew Gardens ........ 059
City Park Ride ........ 064
Section # 02 : How to organize a successful business conference ........ 068
How to deal with the annual performance appraisal ........ 073
Section # 03 : Efforts to save ...... spoon-billed sandpiper ........ 078


## রিডিং Test-4


Section # 01 : Visitor attractions in southern England ........ 092
Paragliding in Australia ........ 098
Section # 02 : How to prepare for an interview ........ 103
Setting up your own business ........ 107
Section # 03 : Understanding hares ........ 112


Recent Bazar

# এই Page-টি মন দিয়ে পড়ুন

**প্রশ্ন:** কিছু কিছু শিক্ষার্থী প্রায় আমাকে ফোন করে বলেন, স্যার Cambridge 1-নং বই থেকে 16-নং (Latest) বই পর্যন্ত সবই পড়া হয়েছে কিন্তু এখনও Reading-এ Band 5-এর বেশি স্কোর তুলতে পারি না, কী করবো স্যার?

**উত্তর:** Cambridge IELTS-এর বইগুলি পড়লে Reading-এর প্রশ্নের pattern সম্পর্কে ধারণা হয়। তার মানে, Heading Matching, MCQ, Double MCQ, Note Completion, Yes / No / Not Given প্রভৃতি Question type বা Pattern জানা যায়। কিন্তু Cambridge 1-16, Trainer, Official Guide এবং Nilkhet-এ IELTS নিয়ে আরো যত বই আছে– সবগুলি complete করলেও আপনার স্কোর বাড়বে না, সারা জীবনই 5-ই পাবেন। কারণ না বুঝে শত শত passage solve করে কোন লাভ নেই।

সবার আগে দরকার Reading-টা শেখা, তার মানে, বড় বড় বাক্য বুঝতে শেখা। একই ভুল যাতে বার বার না হয়, কেন ভুল হলো সেগুলো correct করা অথবা কেনইবা সঠিক হলো সেটা ঠিক করা। আর এর জন্য Cambridge-এর সব বই পড়ার দরকার নেই বরং Cambridge সিরিজের কয়েকটি বই যেমন 14, 15, 16 প্রভৃতি বইগুলি বুঝে বুঝে solve করা এবং শিখতে থাকা। তাই না বুঝে ১০০-টা passage solve করার চেয়ে বুঝে বুঝে ১০-টি passage solve করাটাই অনেক বেশি উত্তম। Reading-এ 7 পেতে হলে আপনাকে ৪০-টা প্রশ্নের মধ্যে ৩০-টা correct করতে হবে। তার মানে, Reading-এ সবগুলোর প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে সেটা জরুরী না। কারণ ১০-টা ভুল হলেও তো সমস্যা নাই কারণ, আপনার Target ৩০-টা correct করা। অনেকেই Reading সবগুলো correct করতে গিয়ে সহজ প্রশ্নগুলোও ভুল করেন।

হ্যাঁ যত বেশি passage বুঝে বুঝে solve করবেন ততই আপনার Reading-এ দক্ষতা বাড়বে। আসল ব্যাপার হলো, বাসায় IELTS চর্চা করার সময় আপনার পাশে তো টিচার থাকবে না। তাই S@ifur's Cambridge (একাডেমিক) এবং (GT) বাংলা ব্যাখ্যাসহ সমাধানগুলি পড়ুন। এর ফলে আপনার ভুলগুলো আপনি নিজেই ধরতে পারবেন। কীভাবে আসল পরীক্ষাতে কম সময়ে passage-গুলো solve করতে হয় সেগুলো হাতে-কলমে শিখতে পারবেন S@ifur's-এর বইগুলি পড়লে।

পরিশেষে, আপনার হাতের Cambridge 11-নং বাংলা ব্যাখ্যা সমাধানসহ বইটি ভালোভাবে আয়ত্ত করেন এবং S@ifur's-এর 11 থেকে 15 (Academic) এবং (GT)-এর বাংলায় ব্যাখ্যা করা বইগুলি মন দিয়ে পড়ুন।

আরো বিস্তারিত জানতে

**01713 432002**

Recent Bazar

# রিডিং Test # 1

## Section # 01

### Step # 1

Passage-এর title-টা মন দিয়ে পড়লাম:

***Is Your child at School Today?***

(= আপনার সন্তান কি আজ স্কুলে?)

Passage-এর নিচের subtitle-টাও মন দিয়ে পড়লাম:

***School Attendance Information for Parents / Carers***

(পিতা-মাতা বা বাচ্চার সেবাদানকারীদের জন্য স্কুলে হাজিরা সংক্রান্ত তথ্য)

তার মানে, বাচ্চা স্কুলে উপস্থিত বা অনুপস্থিত থাকলে অভিভাবকদের করণীয় নিয়ে এই প্যাসেজে আলোচনা করা হবে।

Recent Bazar

### Step # 02

সরাসরি প্রশ্নে যেয়ে প্রথমেই **Q # (1 – 5)**-এ পেলাম **TRUE / FALSE**-এর প্রশ্ন।

**Q # 1**-এর বাক্যটা মন দিয়ে পড়লাম:

*Children must go to the school where they are registered* (= শিশুরা অবশ্যই যাবে স্কুলে যেখানে তাদের নাম রেজিষ্টার খাতায় আছে)

মানে, যে স্কুলে তারা ভর্তি হয়ে আছে সেখানে তারা অবশ্যই যাবে – এটাই প্রথম প্রশ্নের বক্তব্য।



এটা হলো **section 1**-এর প্রথম প্রশ্ন। তাই এটার উত্তরও হবে সহজ। অতএব, উপরের **# 1**-এর বক্তব্যটা আমরা প্যাসেজের শুরু থেকে খুঁজবো।

“ এই বড় **complex** বাক্যটা দেখে দেখে ১ বার খাতায় লিখুন ”

## Step # 03

Passage-এ ফেরত যেয়ে প্রশ্নের *register* শব্দটি খুঁজে পেলাম প্রথম প্যারার 4নং লাইনে। বাক্যটা এবার মন ফিরে পড়া যাক:

*The law says that parents must ensure that their child regularly attends the school where he/she is registered.* [অর্থাৎ, আইন বলে যে (বা স্কুলের নিয়মকানুনে বলা হয়েছে যে) পিতা মাতাকে অবশ্যই এই নিশ্চয়তা দিতে হবে যে তাদের সন্তান নিয়মিতভাবে যায় স্কুলে যেখানে তাকে ভর্তি করা হয়েছে।]

প্যাসেজের-এর এই লাইনগুলোর বক্তব্যের সাথে প্রশ্নের বক্তব্যের হুবহু মিল পাওয়া যায়।
তার মানে, **# 1**-এর উত্তর: **TRUE**।

এই Q বাক্যটাও একটা complex বাক্য

## Step # 04

কর্তৃপক্ষের অনুমতি ছাড়া করা হয়েছে এমন

এবার **Q # 2** মন দিয়ে পড়লাম:

**Q:** *All arrivals after the register has closed are recorded as unauthorized absences.* [অর্থাৎ, হাজিরা খাতা বন্ধ হওয়ার পর সব আগমন লিপিবদ্ধ হয় *unauthorized* (আন্-অ-থ-রাইয্ড্) অনুপস্থিতি হিসেবে।]

তার মানে, ক্লাসের শুরুতে শ্রেণি শিক্ষকের নাম ডাকা (*Roll call*) শেষ হওয়ার পর কেউ ক্লাসে উপস্থিত হলে সেটাকে *unauthorized absence* হিসেবে লেখা হয়।

এই বাক্যটাও একটা complex বাক্য

## Step # 05

**# 1**-এর জন্য প্যাসেজের যতটুকু পড়া হয়েছিলো, passage-এ ফেরত গিয়ে সেটার পর থেকে পড়ে ২য় প্যারা শুরুর ১ লাইন পরেই পেলাম-

*If your child arrives after the register has closed without a good reason, this will be recorded as an unauthorized absence for that session.* (অর্থাৎ, যদি আপনার সন্তান যথাযথ কারণ ছাড়া নাম ডাকার পর উপস্থিত হয়, তাহলে ঐ সেশনের জন্য এটা হবে *unauthorized* অনুপস্থিতি।)

তার মানে, দেরিতে পৌঁছার একটা ভাল কারণ (*a good reason*) থাকলে *unauthorized absence*-এর মধ্যে গণ্য হবে না। দেখা যাচ্ছে passage-এর এই বক্তব্য প্রশ্নের বক্তব্যের উল্টা। প্রশ্নের বক্তব্য ছিল, কোনো কারণ থাকুক বা না থাকুক দেরিতে সব ধরনের *arrivals*-ই *unauthorized*।

অতএব, **Q # 2**-এর উত্তর হবে **FALSE**।

Recent Bazar

## Step # 06

**Q # 3** মন দিয়ে পড়া যাক:

*If your child is absent from school, you must send the school a letter to explain why.* (যদি আপনার সন্তান স্কুলে অনুপস্থিত থাকে, তবে তুমি অবশ্যই স্কুলে একটি চিঠি পাঠাবে এর কারণ ব্যখ্যা করিয়া।)

এই complex বাক্যটাও দেখে দেখে খাতায় লিখো

## Step # 07

দ্রুত Passage-এ গিয়ে **Q # 2**-এর উত্তরের জন্য যে পর্যন্ত পড়া হয়েছিল, ঠিক তার পরের প্যারার প্রথম বাক্যে পেলাম:

*If your child has to miss school, it is vital that you let the school know why, preferably on the first morning of absence.* (যদি আপনার সন্তানকে স্কুল মিস দিতে হয়, তাহলে এটা জরুরি যে তুমি স্কুলকে অনুপস্থিতির কারণ জানিয়ে দাও।) এই প্যারার শেষ পর্যন্ত পড়লাম কিন্তু স্কুলে letter পাঠিয়ে *absence*-এর কারণ জানানোর কথা পেলাম না।

আপনি স্কুলকে জানতে দেন

সুতরাং **# 3**-এর উত্তর হবে: **NOT GIVEN**।

## Step # 08

হু = যারা

xyz নামক এই complex sentence-টাও দেখে দেখে লিখো

এবার **Question # 4** মন দিয়ে পড়লাম:

*xyz*: *Staff who think a child is having difficulties at school will contact the parents.* (অর্থাৎ, স্টাফ যারা মনে করে একটা বাচ্চার স্কুলে সমস্যা হচ্ছে তারা পিতা-মাতার সাথে যোগাযোগ করবে।)

মানে, স্কুল চলাকালীন বাচ্চার সমস্যার হলে স্টাফরা বাচ্চার মা-বাবার সাথে যোগাযোগ করবে – এটাই প্রশ্নের বক্তব্য।

*xyz* বাক্যের সারাংশ: *staff will contact*

## Step # 09

*child difficulties* ব্যাপারটা কোথায় আছে, তা বের করার জন্য যতটুকু পড়া হয়েছিল, এর পরের প্যারার শুরুতেই পেলাম:

এটিও complex বাক্য

*If you know or think that your child is having difficulties attending school, you should contact the school.* (যদি তুমি জান বা মনে কর যে তোমার বাচ্চা স্কুলে যেতে সমস্যায় পড়ছে, তাহলে তোমার উচিত স্কুলে যোগাযোগ করা।) তার পরের লাইনও মন দিয়ে পড়লাম। কোথাও স্টাফদের পক্ষ থেকে বাচ্চার মা-বাবার সাথে *contact* করার কথা বলা নেই।

অতএব **# 4**-এর উত্তর: **NOT GIVEN**।

Recent Bazar

## Step # 10

এবার **Q # 5** মন দিয়ে পড়া থাক:

*Schools will contact other authorities about children who take frequent unauthorized absences.* (স্কুল যোগাযোগ করবে অন্যান্য কর্তৃপক্ষের সাথে ঐ শিশুদের ব্যাপারে যারা প্রায়ই কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অনুপস্থিত থাকে।)

## Step # 11

ট্রুয়্যান্সি = অনুমতি ছাড়া স্কুল পালানো

Passage-এ গিয়ে যতটুকু এ পর্যন্ত পড়া হয়েছে, তার পর থেকে পড়লাম:

*If your child is absent and the school either does not receive an explanation from you, or considers the explanation unsatisfactory, it will record your child's absence as unauthorized, that is, as truancy.* (অর্থাৎ, যদি তোমার সন্তান স্কুলে অনুপস্থিত থাকে এবং স্কুল তোমার পক্ষ থেকে সন্তানের অনুপস্থিতির হয় কোন ব্যাখ্যা পায়নি অথবা তোমার ব্যাখ্যা সন্তোষজনক মনে করেনি, তবে এটি তোমার বাচ্চার অনুপস্থিতিকে *unauthorized* হিসেবে অর্থাৎ স্কুল পালানো শিক্ষার্থী হিসেবে রেকর্ড করবে।)

তার মানে, *school* কর্তৃপক্ষের অন্য কোনো কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার কথা এখানে পাওয়া যায়নি। এর পরের লাইনগুলোতেও এ বিষয়ে কোনো তথ্য দেয়া নেই।

অতএব, বোঝাই যাচ্ছে **Q # 5**-এর উত্তর হবে : **NOT GIVEN** ।

Recent Bazar

## Step # 12

এবার পরের text-টির title-টা পড়লাম: ***Holiday Apartments To Let***



তার মানে, ছুটি কাটাতে ভাড়া নেয়া যাবে এমন বিভিন্ন ধরনের এপার্টমেন্ট বা বাসা সম্পর্কে এখানে আলোচনা হবে।

## Step # 13

সরাসরি প্রশ্নে যেয়ে প্রশ্ন # **(6 – 14)**-এ কতকগুলো বাক্য পেলাম। কোন্ বক্তব্যটি কোন্ ভাড়া বাসার জন্য প্রয়োজ্য তা আগের Page-এ দেয়া **(A – G)** পর্যন্ত ৭-টি section-এর বক্তব্য থেকে বের করতে হবে এবং section-এর নামানুসারে উত্তর হবে। যেমন, কোনো বক্তব্য যদি **(B)**-তে পাওয়া যায়, তাহলে উত্তর লিখতে হবে **(B)**। আবার, একই section-এ একাধিক উত্তর থাকতে পারে বলে উত্তর হিসেবে **(A – G)**-এর বর্ণগুলো একাধিকবার ব্যবহার করা যাবে। এই ধরনের প্রশ্নের উত্তরগুলো সিরিয়ালি থাকে না। আবার **(6 – 14)**-এর সবগুলো বক্তব্য একবারে পড়ে ফেললে মাথায় তথ্য জট লেগে যাবে, কিছুই মনে থাকবে না।

Recent Bazar

## Step # 14

প্রথমে মন দিয়ে **6, 7, 8** ও **9**-এর বক্তব্যগুলো পড়লাম:

**06.** *It overlooks a golf course.* (এটি থেকে গলফ খেলার মাঠ দেখা যায়।)
**07.** *It has its own parking space.* (এটির নিজস্ব গাড়ি রাখার জায়গা আছে।)
**08.** *It is in the centre of a town.* (এটি শহরের কেন্দ্রস্থলে অবস্থিত।)
**09.** *The sea can be seen from it.* (এটি থেকে সাগর দেখা যায়।)

**শব্দের অর্থ**

**overlook** (অউ্ভার্লূক্) = উচুঁ স্থান থেকে কোনো কিছু দেখতে পাওয়া।

## Step # 15

দ্রুত text-এ ফেরত যেয়ে **(A)**-এর শুরু থেকে মন দিয়ে পড়লাম। প্রথম লাইনেই পেয়ে গেলাম-

*One-bedroom apartment with uninterrupted sea views.*
(এক-বেডরুম বিশিষ্ট বাসা যেখান থেকে নির্বিঘ্নে সাগর দেখা যায়।)

আন্-ইন্টে-রাপ্-টেড্ = বাধাহীন

## Step # 16

দ্রুত প্রশ্নে যেয়ে # **6** থেকে পড়তে পড়তে উপরের বক্তব্যটা পেলাম # **9**-এ:

*The sea can be seen from it.*

তার মানে, বোঝাই যাচ্ছে # **9**-এর উত্তর হবে: **(A)**।

**Step # 17**

*which contains = containing*

Passage-এ ফেরত যেয়ে **6, 7** ও **8**-এর তথ্য মাথায় রেখে প্রথম বাক্যের পর থেকে আবার মন দিয়ে পড়া শুরু করলাম, কারণ প্রশ্নের উপরে বলা আছে একই প্যারাতে একাধিক উত্তর থাকতে পারে।

*This is a small first floor apartment in a well-established apartment complex containing a range of leisure facilities and a supermarket for residents.* (অর্থাৎ, একটি সুপ্রতিষ্ঠিত এপার্টমেন্ট ভবনের দ্বিতীয় তলায় (*first floor*) অবস্থিত ছোট বাসা এটি যেটিতে বিভিন্ন ধরনের বিনোদন সুবিধাবাদি ও একটা সুপার মার্কেট আছে বাসিন্দাদের জন্য।)

*On the edge of the town but close to cafe and restaurants. On-street parking is generally available.* (শহরের প্রান্তে অবস্থিত হলেও ক্যাফে ও রেস্তোরা নিকটেই আছে। সাধারণত রাস্তায় গাড়ি পার্ক করা যায়।)

**Step # 18**

**Section A**-তে রুমের যে বৈশিষ্ট্য বলা হলো, দ্রুত প্রশ্নে যেয়ে সেটা খুঁজে পেলাম **12**-নং বক্তব্যে:

*It is a part of an apartment complex with its own supermarket.*

(নিজস্ব সুপারমার্কেটসহ একটি এপার্টমেন্ট ভবনের অংশ হল এটি।)

তার মানে, বোঝাই যাচ্ছে # **12**-এর উত্তর হবে: **(A)**।

**Step # 19**

স্পেইশাস্ = জায়গাবহুল = প্রশস্থ

দ্যাট = যেটা

এবার প্যাসেজে ফেরত যেয়ে **(B)**-এর শুরু থেকে মন দিয়ে পড়ে প্রথম sentence-এ পেলাম:

*Spacious one-bedroom apartment in a complex that <u>has only just opened</u>, five minutes walk from the sea. <u>Private parking</u> in front of building.* (অর্থাৎ, এক-বেডরুমবিশিষ্ট প্রশস্থ বাসা এমন একটি ভবনে যেটি সবেমাত্র চালু হয়েছে এবং সাগর থেকে হেঁটে গেলে পাঁচ মিনিটের রাস্তা। ভবনের সামনে নিজস্ব পার্কিংয়ের ব্যবস্থা।)

সমার্থক

synonym

**Step # 20**

প্রশ্নে গিয়ে বাকি বক্তব্যগুলো মন দিয়ে পড়ে **Section B**-এর অ্যাপার্টমেন্টের বৈশিষ্ট্য পেলাম **7** ও **11**-এ:

**07.** *It has its <u>own parking</u>*

**11.** *It is in a <u>new apartment complex</u>*

অতএব, বোঝাই যাচ্ছে # **07**-এর উত্তর হবে: **(B)**।

সুতরাং # **11**-এর উত্তর হবে: **(B)**।

Recent Bazar

**Step # 21**

টিরেইস্ = ঘরের বাইরে প্রশস্থ উন্মুক্ত স্থান যেখানে বসে অলস সময় কাটায়

প্যাকেজে ফেরত যেয়ে **(C)**-এর শুরু থেকে মন দিয়ে পলাম:
*One-bedroom cottage (child's bed can also be provided), large terrace with uninterrupted views of the river and mountains.* (অর্থাৎ, শিশুদের বেডসহ এক বেডরুমবিশিষ্ট ঘরের বাইরে বড় উন্মুক্ত স্থান যেখান থেকে নদী ও পাহাড় সরাসরি দেখা যায়।)

সমার্থক

**Step # 22**

দ্রুত প্রশ্নে যেয়ে বাকি Statement-গুলো আবারো মন দিয়ে পড়ে উপরের বক্তব্য পেলাম **13**-তে:

*It has a private outdoor area where you can sit.*

তার মানে, বোঝাই যাচ্ছে **13**-এর উত্তর হবে: **(C)**।

**Step # 23**

এবার Passage-এ গিয়ে **(C)**-এর বাকি লাইনগুলো পড়লাম। প্রশ্নের বক্তব্যের কোন তথ্য না পাওয়ায় **(D)**-এর প্রথম থেকে পড়া শুরু করলাম। প্রথম লাইনে পেলাম-

> *Two-bedroom apartment in a complex with its own pool and beautiful views of the national park.* (অর্থাৎ, নিজস্ব সুইমিংপুল এবং ন্যাশলাল পার্কের সুন্দর দৃশ্যসহ দুই বেডরুমবিশিষ্ট এপার্টমেন্ট)

**Step # 24**

দ্রুত প্রশ্নে গিয়ে উপরের বক্তব্য খুঁজে পেলাম # **10**-এ:

পূল = সুইমিং পুল বা সাঁতার কাটার জায়গা

*There is a swimming pool for residents of the complex.*
(এপার্টমেন্টের বাসিন্দাদের জন্য সুইমিংপুল আছে।)

তার মানে, বোঝাই যাচ্ছে # **10**-এর উত্তর হবে: **(D)**।

**Step # 25**

Passage-এ গিয়ে **(D)**-এর বাকি অংশ পড়ে আর কোনো তথ্য না পেয়ে **(E)**-এর প্রথম থেকে পড়লাম।

**Step # 26**

প্রশ্নে ফিরে গিয়ে বাকি বক্তব্যগুলো পড়লাম। কোনোটির সাথে match না করায় আবার passage-এ ফিরে গেলাম।

Recent Bazar

সিচুয়েইটেড্ = অবস্থিত

## Step # 27

ইন্ল্যান্ড্ = ল্যান্ডের ভিতরে
= সাগর থেকে দূরে।

**Section F**-এর শুরু থেকে মন কিরে পড়ে **2**-নং লাইনে পেলাম:

*Situated in a peaceful location on the edge of an inland village, with attractive views of the golf course.* (অর্থাৎ, গলফ খেলার মাঠের আকর্ষণীয় দৃশ্যসহ দূর গ্রামের প্রান্তে একটা নিরিবিলি পরিবেশে অবস্থিত।) অর্থাৎ, এপার্টমেন্ট থেকে গলফ খেলার মাঠের দৃশ্য দেখা যায়।

## Step # 28

দ্রুত প্রশ্নে গিয়ে উপরের বক্তব্যটি পেলাম # **6**-এ: *It overlooks a golf course.*

অতএব, বোঝাই যাচ্ছে # **6**-এর উত্তর হবে: **(F)**

## Step # 29

Passage-এ ফিরে গিয়ে **(F)**-এর বাকি লাইনগুলো মন দিয়ে পড়ে পেলাম:

*Garage available by arrangement with the owners.*
(অর্থাৎ, মালিক পক্ষের সম্মতি নিয়ে গ্যারেজ বা গাড়ি পার্কিংয়ের সুবিধা পাওয়া যায়।)

## Step # 30

synonym

দ্রুত প্রশ্নে গিয়ে উপরের বক্তব্যটি পেলাম # **14**-তে:

*The owners will organize parking on request.*
(অর্থাৎ, অনুরোধের ভিত্তিতে *owner*-রা গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা করবে।)

তার মানে, # **14**-এর উত্তর হবে: **(F)**।

## Step # 31

দ্রুত প্যাসেজে ফিরে গিয়ে **(G)**-এর শুরু থেকে পড়লাম। প্রথম লাইনেই পেলাম:

*Two-bedroom apartment in central location in busy street with shops, restaurants etc. not far from the beach.* (অর্থাৎ, দোকান, রেস্তোরাসহ ব্যস্ত রাস্তার কেন্দ্রস্থলে অবস্থিত দুই বেডরুমবিশিষ্ট এপার্টমেন্ট যেটি সমুদ্র থেকে দূরে নয়।)

*which are*
উহ্য আছে

তার মানে, এই এপার্টমেন্টটি শহরের কেন্দ্রে অবস্থিত।

## Step # 32

প্রশ্নে গিয়ে **(G)**-এর এই বক্তব্যটি সহজেই পেয়ে গেলাম **8**-এ: *It is in the centre of a town.*

অতএব, # **4**-এর উত্তর হবে: **(G)**।

Recent Bazar